# রাজনৈতিক বিভাজনেই থমকে যেতে পারে ছাত্র সংসদ নির্বাচন: নুরুল হক নুর




সংগৃহীত ছবি

ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর সতর্ক করেছেন, এ বছর বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ নির্বাচন না হলে আগামী তিন দশকেও তা আর নাও হতে পারে। রাজনৈতিক দলগুলোর বিভাজন, জাতীয় নির্বাচন নিয়ে অনিশ্চয়তা এবং পি-আর পদ্ধতি বাস্তবায়ন প্রসঙ্গেও তিনি সমালোচনা ও শঙ্কা প্রকাশ করেন।

রাজনৈতিক দলগুলোর অভ্যন্তরীণ দ্বন্দ্ব ও বিভাজনের কারণে ছাত্র সংসদ নির্বাচন নিয়ে গভীর সন্দেহ প্রকাশ করেছেন ডাকসুর সাবেক ভাইস প্রেসিডেন্ট (ভিপি) নুরুল হক নুর। সোমবার (১১ আগস্ট) দুপুরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ডিনস কমপ্লেক্সে বিভিন্ন রাজনৈতিক ছাত্র সংগঠনের সঙ্গে মতবিনিময় সভায় তিনি বলেন,

এবার যদি বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র সংসদ নির্বাচন না হয়, তাহলে আবারও তিন দশক পর্যন্ত এই নির্বাচন বন্ধ থাকার আশঙ্কা আছে।”

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল পর্যায়ের রাজনীতি প্রসঙ্গে নুরের মত,

হল পর্যায়ে রাজনীতি আমরা চাই না, কিন্তু ক্যাম্পাসে রাজনৈতিক চর্চা থাকা উচিত। এটি অবশ্যই ছাত্র সংগঠনগুলোর পারস্পরিক বোঝাপড়ার ভিত্তিতে হওয়া দরকার।”

জাতীয় নির্বাচন প্রসঙ্গে তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠিত হবে কি না, তা অনিশ্চিত। দেশি-বিদেশি প্রেক্ষাপট ও রাজনৈতিক দলগুলোর মধ্যে গণঅভ্যুত্থান নিয়ে বিভাজন চরম পর্যায়ে পৌঁছেছে, যা নির্বাচন বাস্তবায়নকে প্রশ্নবিদ্ধ করছে।

এছাড়া ঐকমত্য কমিশনের আলোচিত বিষয় পি-আর পদ্ধতি নিয়েও নুর সমালোচনা করেন। তার মতে, বিএনপি এ বিষয়ে দ্বিমত পোষণ করেছে, যদিও প্রস্তাবটি পাস হয়েছে। তিনি সতর্ক করে বলেন, এই পদ্ধতি কার্যকর হলে সংসদ বারবার ভেঙে যাওয়ার ঝুঁকি তৈরি হবে এবং এর বাস্তবায়ন নির্ভর করবে আগামী সরকারের সিদ্ধান্তের ওপর।

‘দাসত্ব নাকি মুক্তি, শিক্ষার্থীদের ভাবনায় ছাত্র সংসদ’ শীর্ষক এই মতবিনিময় সভার আয়োজন করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মুক্তালাপ। সভায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ছাত্র সংগঠনের নেতা, ছাত্র উপদেষ্টা ও শিক্ষকরা উপস্থিত ছিলেন।